

ରାବିର 'ଏ' ଇନିଟିଏସ୍ ଡାକ୍ ପରୀକ୍ଷା ଶୁଳ୍କ, ପ୍ରତି ଆସନେ ଲଡ଼ିଛନ୍ତି ୫୧ ଡାକ୍ ଚାର୍

ରାବି ସଂବାଦଦାତା:

ପ୍ରକାଶିତ: ୧୧:୨୯, ୧୯ ଏପ୍ରିଲ ୨୦୨୫; ଆପଡେଟ: ୧୧:୩୩, ୧୯ ଏପ୍ରିଲ ୨୦୨୫



রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার 'এ' ইউনিটের (কলা, আইন ও সামাজিক বিজ্ঞান) পরীক্ষা শুরু হয়েছে।

'এ' ইউনিটের মোট ১৮৭২টি আসনের বিপরীতে পরীক্ষায় বসবেন ৯৬ হাজার ১৬২ জন ভর্তিচ্ছু। সেই হিসেবে আসন প্রতি লড়বেন ৫১ জন শিক্ষার্থী।

আজ শনিবার (১৯ এপ্রিল) দুইটি শিফটে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, বেলা ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত ও দুপুর আড়াইটা থেকে বিকাল সাড়ে ৩টা পর্যন্ত দুই শিফটে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। 'এ' ইউনিটের মোট ৪টি অনুষদ ও ১টি ইনসিটিউটে আসন সংখ্যা মোট ১৮৭২টি। এর মধ্যে কলা অনুষদে ৮৮৬টি, সামাজিক বিজ্ঞান অনুষদে ৬৫৬টি, আইন অনুষদে ১৬০টি, চারুকলা অনুষদে ১২০টি এবং শিক্ষা ও গবেষণা ইনসিটিউটে ৫০টি আসন অন্তর্ভুক্ত রয়েছে।

প্রসঙ্গত, গত ১২ এপ্রিল 'বি' ইউনিটের পরীক্ষার মাধ্যমে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভর্তি যুদ্ধ শুরু হয়। আগামী ২৬ এপ্রিল 'সি' ইউনিটের পরীক্ষার মধ্য দিয়ে এবারের ভর্তি পরীক্ষা শেষ হবে। এবার রাজশাহীসহ ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও রংপুর পাঁচটি বিভাগীয় শহরে এই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে।
